গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর।

স্মারক নং ১৩.০৮.০০০০.০১৪.৩৮.০৬৬.২৬.২৯৬ তারিখঃ ১০/০৬/২০২৬ খ্রিঃ।

**বিনষ্ট খাদ্যশস্য নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি**

রংপুর সদর এলএসডিতে ১২৬৯ বস্তায় ৩৮.০৭০ মে.টন সিদ্ধ চাল যা সাধারণ বিলি-বিতরণ এবং মানুষের খাওয়ার অনুপযোগী তবে হাঁস-মুরগী/মাছের খাদ্য হিসেবে প্রকাশ্য নিলামে (Open Auction) বিক্রয় করা হবে। বিনষ্ট খাদ্যশস্য যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় ক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হতে নির্ধারিত সিডিউলের শর্তাবলী অনুযায়ী সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। আগামী ১৪/০৬/২০২৬ খ্রিঃ তারিখ হতে ২৮/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত দরপত্র সিডিউল বিক্রয় করা হবে এবং ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখ সকাল ০৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত (১) বিভাগীয় কমিশনার, রংপুর, (২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর, এঁর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। বিনষ্ট খাদ্যশস্য নিলামে বিক্রয়ের বিস্তারিত তথ্যাদি ও সিডিউল অফিস চলাকালে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সেন্ট্রাল রোড, রংপুর এর প্রশাসন শাখা এবং www.food.rangpurdiv.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

(মোঃ জহিরুল ইসলাম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর
পরিচিতি নং-০২১৭৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর
http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

## বিনষ্ট খাদ্যশস্য নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি

সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ১৪/০১/২০২৬ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.০৫০.১৮.০০০২.২৪.১০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী রংপুর সদর উপজেলার রংপুর সদর এলএসডি'র ১২৬৯ বস্তায় ৩৮.০৭০ মে.টন সিদ্ধ চাল সাধারণ বিলি-বিতরণ এবং মানুষের খাওয়ার অনুপযোগী তবে হাঁস-মুরগী/মাছের খাদ্য হিসেবে (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয় করা হবে। সে লক্ষ্যে বাংলাদেশের জাতীয় পরিচয়পত্রধারী আগ্রহী ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনের আলোকে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | : | খাদ্য মন্ত্রণালয় |
| ২. | প্রতিনিধি/বিক্রয়কারী সত্তা | : | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর |
| ৩. | নিলাম দরপত্র আহব্বানকারী কর্মকর্তা | : | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর |
| ৪. | নিলাম বিক্রয়ের জন্য বিনষ্ট খাদ্যশস্য | : | রংপুর জেলার রংপুর সদর উপজেলার রংপুর সদর এলএসডিতে রক্ষিত ১২৬৯ বস্তায় ৩৮.০৭০ মেঃটন সিদ্ধ চাল (যেখানে যে অবস্থায় আছে)। |
| ৫. | বিনষ্ট খাদ্যশস্য নিলাম বিজ্ঞপ্তি নম্বর | : | স্মারক নম্বর: ১৩.০৮.০০০০.০১৪.৩৮.০৬৬.২৬.২৯৬, তারিখ: ১০/০৬/২০২৬ |
| ৬. | দরপত্র বিক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত নিলাম পদ্ধতি (এক খাম) (Open Auction) |
| ৭. | সিডিউল বিক্রয়ের তারিখ | : | ১৪/০৬/২৬ থেকে ২৮/০৬/২০২৬ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| ৮. | নিলাম দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২৯/০৬/২০২৬ খ্রি. সকাল ০৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ৯. | বিক্রয়ের আবেদন গ্রহণের স্থান | : | (১) বিভাগীয় কমিশনার, রংপুর, (২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর এঁর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্স |
| ১০. | বিক্রয় সিডিউল প্রাপ্তির স্থান | : | প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সেন্ট্রাল রোড, রংপুর |
| ১১. | বিক্রয় আবেদনের বাক্স খোলার তারিখ ও সময় | : | ২৯/০৬/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৩.০০ ঘটিকা। |
| ১২. | বিক্রয়ের আবেদন উন্মুক্তকরণের স্থান | : | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর। উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) বাক্স খোলা হবে। |
| ১৩. | নিলাম দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | সাধারণ ব্যবসায়ী/মাছের খাবার প্রস্তুতকারী/মৎস্য ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তি। তবে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের দরদাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র (দরদাতাগণের অবশ্যই প্রাপ্ত বয়স ১৮ বছর হতে হবে) থাকতে হবে। |
| ১৪. | নিলাম সিডিউলের মূল্য | : | ১,০০০/-(এক হাজার) টাকা মাত্র। ট্রেজারী চালানের মাধ্যমে নির্ধারিত কোড নং-১৪৮০২০১-১২০০০২৬০২-২১২৪১০১ তে জমা দিয়ে সিডিউল ক্রয় করতে হবে। |
| ১৫. | বিনষ্ট খাদ্যশস্য নিলামের জামানত | : | উদ্ধৃত দরের ১০% হারে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুরের অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট(ফেরতযোগ্য)। |
| ১৬. | শর্তাবলী | : | দরপত্র সিডিউলের সাথে সংযুক্ত শর্তাবলী যথাযথভাবে অনুসরণীয় হবে। শর্তাবলী প্রতিপালিত না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে। |
| ১৭. | বিনষ্ট খাদ্যশস্য বিক্রয় সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালে) | : | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সেন্ট্রাল রোড, রংপুরের প্রশাসন শাখা, মোবাইল ০১৭১০-০৫২৯৭৯ |

১০/৬/২০২৬

(মোঃ জহিরুল ইসলাম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর
পরিচিতি নং-০২১৭৩
ও
সভাপতি
বিনষ্ট খাদ্যশস্যে নিষ্পত্তি কমিটি
রংপুর

১০/০৬/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর
http://food.rangpurdiv.gov.bd
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০৮.০০০০.০১৪.৩৮.০৬৬.২৬. ২৯৭ তারিখঃ ১৮/০৬/২০২৬ খ্রিঃ

সরবরাহ বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকার ১৪/০১/২০২৬ তারিখের ১৩.০১.০০০০.০০০.০৫০.১৮.০০০২.২৪.১০ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী রংপুর সদর উপজেলার রংপুর সদর এলএসডি'র ১২৬৯ বস্তায় ৩৮.০৭০ মে.টন সিদ্ধ চাল সাধারণ বিলি-বিতরণ এবং মানুষের খাওয়ার অনুপযোগী তবে হাঁস-মুরগী/মাছের খাদ্য হিসেবে (যেখানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের লক্ষ্যে অত্র দপ্তরের ১০/০৬/২০২৬ খ্রি: তারিখের ১৩.০৮.০০০০.০১৪.৩৮.০৬৬.২৬.২৯৬ স্মারকে দরপত্র বিজ্ঞপ্তি আহ্বান করা হয়েছে। দরদাতাগণ কর্তৃক দরপত্র দাখিলকালে আবশ্যিক পালনীয় শর্তাবলী নিম্নে প্রদত্ত হল।

শর্তাবলীঃ

১। বিনষ্ট চালের দর সিডিউল পূরণ করত: দাখিল করতে হবে। বিক্রয়যোগ্য বিনষ্ট চালের আংশিক পরিমাণের জন্য দর দাখিল করা যাবে না। নিলাম দরপত্র আবেদন সীলমোহরকৃত একটি খামে দাখিল করতে হবে। খামের উপরের বাম অংশে এলএসডির নাম, খামের উপরে মধ্যভাগে "বিনষ্ট চালের জন্য নিলাম দরপত্র" ডান পার্শ্বে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ,রংপুর এবং বাম পার্শ্বে দরপত্র দাতার পূর্ণ নাম, ঠিকানা উল্লেখ করতে হবে।

২। নিলাম দরপত্র সীলগালাযুক্ত খামে অবশ্যই আগামী ২৯/০৬/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকার মধ্যে (১) বিভাগীয় কমিশনার, রংপুর, (২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, সেন্ট্রাল রোড, রংপুর এ রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরপত্র জমা দেয়ার জন্য আনীত হলে তা গ্রহণ করা হবে না।

৩। প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা অটোমেটেড চালানের মাধ্যমে যে কোনো তফসিলি ব্যাংকে ১৪৮০২০১-১২০০০২৬০২-২১২৪১০১ নম্বর কোডে জমা দিতে হবে। সিডিউলের টাকা জমা দেয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র কার্যালয়ের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করিয়ে নিতে হবে। উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূলকপি অত্র কার্যালয়ে জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৪। কোন প্রকার উপরিলিখন, ঘষামাজা, কাটাকাটি ও ফ্লুইডযুক্ত দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্রে প্রদত্ত দর অংকে ও কথায় লিখতে হবে।

৫। নিলাম দরপত্রের সাথে ক্রয়কৃত সিডিউলের কপি, দরদাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২(দুই) কপি সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে দাখিল করতে হবে।

৬। বিনষ্ট চাল 'মানুষের খাদ্য উপযোগী নয়' বলে খাদ্য অধিদপ্তরের পরীক্ষাগারে প্রমাণিত হওয়ায় নিলামে বিক্রয়তব্য বিনষ্ট খাদ্যশস্য কোন অবস্থাতেই "মানুষের খাদ্য হিসেবে ব্যবহার অথবা মানুষের খাদ্যের সাথে মিশ্রিত করে ব্যবহার বা বিক্রয় করা হবে না" মর্মে নিলাম দরদাতাকে নিজস্ব প্যাডে অঙ্গীকারনামা দাখিল করতে হবে। প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে মৎস্য খাবার/জৈব সার হিসেবে জমিতে ব্যবহার ব্যতিত অন্য কোন খাবার হিসেবে ব্যবহারের ফলে, যদি কোন ক্ষয়ক্ষতি সাধিত হয় তার জন্য নিলাম গ্রহীতা দায়ী থাকবেন।

৭। উদ্ধৃত মোট মূল্যের উপর শতকরা ১০% হারে জামানতের (ফেরতযোগ্য) টাকা যে কোন তফসিলী ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার মারফত আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর এর অনুকূলে দরপত্র সিডিউলের সাথে দাখিল করতে হবে। অন্যথায়, নিলাম দরপত্র সিডিউল বাতিল হিসেবে গণ্য হবে। সর্বোচ্চ নিলাম দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হওয়া সত্ত্বেও নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যশস্যের মূল্য সরকারি কোষাগারে জমাদানে ব্যর্থ হলে, তাঁর ১০% জামানতের টাকা বিধি মোতাবেক সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে।

৮। সিডিউলে দরদাতার পূর্ণ নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। সিডিউলের প্রতিটি পাতায় এবং দাখিলকৃত কাগজপত্রের প্রতিটি পাতার নীচে দরদাতার স্বাক্ষর থাকতে হবে।

৯। নির্ধারিত এলএসডি থেকে বিনষ্ট চাল অপসারণের সকল ব্যয় সরবরাহ আদেশ প্রাপ্ত দরদাতাকে বহন করতে হবে।

১০। বিনষ্ট চাল অপসারণের সময় কোন প্রকার দুর্ঘটনার ফলে জান-মালের কোন প্রকার ক্ষয়ক্ষতি সাধিত হলে, তা অনুমোদিত দরদাতাকে নিজ দায়িত্বে ক্ষতিপূরণ করতে হবে। এ ব্যাপারে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না এবং বিক্রয়কারী কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১১। যোগ্য ও সর্বোচ্চ নিলাম দরদাতার প্রদত্ত দর সংরক্ষিত দরের বেশি, দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশ প্রাপ্ত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হলে তবেই কার্যাদেশ দেয়া হবে।

১২। আগামী ২৮/০৬/২০২৬ খ্রিস্টাব্দ তারিখ অফিস চলাকালে রংপুর এলএসডির ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সদর এর সাথে যোগাযোগ করে যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে বিনষ্ট চাল এর নমুনা দেখা যাবে। পরবর্তীতে, দর দাখিলের পর না দেখার অযুহাতে কোন প্রকার ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৩। সর্বোচ্চ নিলাম দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে নির্ধারিত এলএসডিতে রক্ষিত বিনষ্ট খাদ্যশস্যের উদ্ধৃত সমুদয় মূল্য এবং সমুদয় মূল্যের উপর ১০% হারে উৎসে আয়কর ও ১৫% হারে ভ্যাট (সর্বশেষ আদেশে যা থাকে) নির্ধারিত কোডে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করতঃ চালানের মূল কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর সদর, রংপুরে দাখিল করে সরবরাহ আদেশ (ডিও) গ্রহণ পূর্বক ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট এলএসডি হতে বিনষ্ট খাদ্যশস্য সরবরাহ নিতে হবে। অনিবার্য কারণ ব্যতিত অন্য কোন অযুহাতে সরবরাহ আদেশের কোন প্রকার মেয়াদ বৃদ্ধি করা হবে না। মেয়াদ বৃদ্ধির বিষয়টি সম্পূর্ণ বিজ্ঞপ্তি দাতা বিক্রয়কারী কর্তৃপক্ষের এখতিয়ারভুক্ত। এ বিষয়ে নিলাম দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪। সর্বোচ্চ নিলাম দরদাতার অনুকূলে কার্যাদেশ প্রদান না করা পর্যন্ত ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বিমুক্ত করা হবে না।

১৫। কৃতকার্য নিলাম দরদাতার জামানতের টাকা, সমুদয় বিনষ্ট চাল সংশ্লিষ্ট এলএসডি হতে সরবরাহ নেয়ার পর সংশ্লিষ্ট ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের সুপারিশক্রমে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর হতে জামানত ফেরত নেয়া যাবে।

১৬। নিলাম দরপত্রসমূহ খোলার নির্ধারিত তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত অত্র দরপত্রের মেয়াদ কার্যকর (Valid) থাকবে।

১৭। কর্তৃপক্ষ যে কোন দরদাতার নিলাম দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

স্বাঃ/-
(মোঃ জহিরুল ইসলাম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর
পরিচিতি নং-০২১৭৩
ও
সভাপতি
বিনষ্ট খাদ্যশস্যে নিষ্পত্তি কমিটি
রংপুর

স্মারক নং ১৩.০৮.০০০০.০১৪.৩৮.০৬৬.২৬. ২৭৯/৪৫

তারিখঃ ২০/০৬/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা ;
২। বিভাগীয় কমিশনার, রংপুর ;
৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা ;
৪। পরিচালক, প্রশাসন/সংগ্রহ/ হিসাব ও অর্থ / সরবরাহ বন্টন ও বিপণন / পরিদর্শন, উন্নয়ন ও কারিগরি সেবা, খাদ্য অধিদপ্তর, ঢাকা ;
৫। জেলা প্রশাসক, রংপুর ;
৬। বিভাগীয় প্রাণী সম্পদ কর্মকর্তা, রংপুর ;
৭। বিভাগীয় হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর ;
৮। বিভাগীয় তথ্য অফিসার , রংপুর ; বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৯। বিভাগীয় কৃষি অফিসার, রংপুর ;
১০। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল), রংপুর বিভাগ, রংপুর ;
১২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), রংপুর ;
১৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর ; বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য।
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রংপুর সদর এলএসডি, রংপুর ; বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাংগানোর জন্য।
১৫। অফিস কপি ।

২০/৬/২০২৬
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
রংপুর বিভাগ, রংপুর।

২০/০৬/২০২৬